# বিশেষ শিক্ষা শুনানিসমূহ

## প্রশাসনিক বিচার এবং শুনানির অফিস (Office of Administrative Trials and Hearings, OATH) বিশেষ শিক্ষা শুনানি বিভাগে কী আশা করা যায়

**প্রশাসনিক বিচার এবং শুনানির অফিস**
66 জন স্ট্রিট, নিউ ইয়র্ক, NY 10038

# বিষয়বস্তু

**OATH-এ বিশেষ শিক্ষার মামলাসমূহ ....................................................................................... 4**

**বিনামূল্যে উপযুক্ত সর্বজনীন শিক্ষা (Free Appropriate Public Education, FAPE)................................ 5**

**একজন অ্যাটর্নির অধিকার ....................................................................................................... 5**

**একটি শুনানি পাওয়া .............................................................................................................. 6**

**আপনার শুনানির আগে .......................................................................................................... 6**

1. ডিস্ট্রিক্টের প্রতিক্রিয়া ......................................................................................................... 6
2. পেন্ডেন্সি বা "স্থগিত থাকা" ................................................................................................... 6
3. সমাধান সেশন এবং টাইমলাইনসমূহ ......................................................................................... 7
4. মীমাংসা সম্মেলন ................................................................................................................ 8
5. প্রাক-শুনানি সম্মেলন ........................................................................................................... 8
6. প্রকাশ ............................................................................................................................. 9

**আপনার শুনানির সময় ......................................................................................................... 10**

1. অবস্থান ........................................................................................................................... 10
2. পিতামাতাদের অধিকার ......................................................................................................... 10
3. প্রমাণের বোঝা .................................................................................................................. 10
4. প্রদর্শনী ........................................................................................................................... 10
5. উদ্বোধনী বিবৃতি ................................................................................................................ 11
6. সাক্ষীগণ .......................................................................................................................... 11
7. সমাপনী বিবৃতি ................................................................................................................. 12

**আপনার শুনানির পরে ......................................................................................................... 13**

1. প্রতিলিপি ......................................................................................................................... 13
2. সিদ্ধান্ত ............................................................................................................................ 13
3. আপিলসমূহ ....................................................................................................................... 13
4. বাস্তবায়ন ......................................................................................................................... 13


**আপনার কি দোভাষী লাগবে? ................................................................................................ 14**

**আরও তথ্য ......................................................................................................................... 14**

# গুরুত্বপূর্ণ দাবিত্যাগ

এখানে প্রকাশিত তথ্য জনসাধারণকে সহায়তা করার উদ্দেশ্যে এবং আইনি পরামর্শের উদ্দেশ্যে নয়। এই তথ্যের কোনও আইনি বা নজিরগত তাৎপর্য নেই এবং OATH-এ বা অন্য কোথাও আইনি কর্তৃত্ব বা নজির হিসেবে দেওয়া উচিৎ না। এখানে প্রকাশিত তথ্য টাইপোগ্রাফিকভাবে বা সারাংশিকভাবে সঠিক বা সম্পূর্ণ সে বিষয়ে কোনও প্রতিনিধিত্ব বা ওয়ারেন্টি নেই বা তা অনুমান করা উচিৎ না, এবং OATH কোনও ভুল বা অসম্পূর্ণতার জন্য দায়বদ্ধ হবে না। বিশেষ করে, এই ওয়েবসাইটের নিয়ম, আইন, আদেশ, সিদ্ধান্ত, বা অন্যান্য আইনি উৎসগুলি এখানে সঠিকভাবে বা সম্পূর্ণভাবে বর্ণিত হয়েছে এমন কোনও প্রতিনিধিত্ব বা ওয়ারেন্টি নেই বা তা অনুমান করা উচিৎ না, এবং OATH কোনও ভুল বা অসম্পূর্ণতার জন্য দায়বদ্ধ হবে না। ব্যবহারকারীদের অবশ্যই প্রযোজ্য মৌলিক এবং পদ্ধতিগত আইন নির্ধারণের জন্য সরকারী আইনি উৎসগুলি দেখা উচিৎ, যে কোনও নিয়ম, আইন, আদেশ, সিদ্ধান্ত, বা এখানে উল্লেখ করা অন্যান্য আইনি উৎসগুলির বিষয়বস্তু সহ।

# OATH-এ বিশেষ শিক্ষার মামলাসমূহ




প্রতিবন্ধী ব্যক্তিদের শিক্ষা আইন (Individuals with Disabilities Education Act, IDEA) এবং 1974 সালের পুনর্বাসন আইনের ধারা 504 (ধারা 504) হল ফেডারেল আইন।

IDEA নিশ্চিত করে যে প্রতিবন্ধী শিক্ষার্থীরা যেন উপযুক্ত বিশেষ শিক্ষা পরিষেবা পায়।

ধারা 504 প্রতিবন্ধী শিক্ষার্থী বা পিতামাতাদের প্রতি বৈষম্য নিষিদ্ধ করে।

যখন কোনও পিতামাতা এবং স্কুল ডিস্ট্রিক্ট এই আইনের অধীনে একজন শিক্ষার্থীর যে পরিষেবাগুলি গ্রহণ করা উচিৎ সে সম্পর্কে দ্বিমত পোষণ করেন, তখন নিরপেক্ষ যথাযথ প্রক্রিয়া শুনানি বিরোধ সমাধানের একটি উপায়। নিউ ইয়র্ক শহরে, শিক্ষা বিভাগ (Department of Education, DOE) হল সেই "ডিস্ট্রিক্ট।"

একটি নিরপেক্ষ যথাযথ প্রক্রিয়া শুনানি একটি আদালত কক্ষের বিচারের মতোই কিন্তু কম আনুষ্ঠানিক। মামলাটিতে নিউ ইয়র্ক রাজ্য শিক্ষা বিভাগ দ্বারা প্রত্যয়িত একজন অ্যাটর্নি, একজন নিরপেক্ষ শুনানির কর্মকর্তা (Impartial Hearing Officer, IHO), দ্বারা সিদ্ধান্ত নেওয়া হবে। IHO-এর কাজ হল উভয় পক্ষের কথা শোনা এবং সিদ্ধান্ত নেওয়া যে যদি কিছু ভুল হয়ে থাকে তাহলে সেটি কী এবং কীভাবে তা ঠিক করা যায়।

NYC প্রশাসনিক বিচার এবং শুনানির অফিস (OATH) থেকে আপনার মামলাটি একজন IHO-কে অ্যাসাইন করা হলে কী আশা করা উচিৎ তা এই নথিতে বর্ণনা করা হয়েছে।

## বিনামূল্যে উপযুক্ত সর্বজনীন শিক্ষা (Free Appropriate Public Education, FAPE)

**FAPE:** ডিস্ট্রিক্টকে বিশেষ শিক্ষা পরিষেবার জন্য যোগ্য প্রত্যেক শিশুকে বিনামূল্যে উপযুক্ত সর্বজনীন শিক্ষা প্রদান করতে হবে। বিশেষ শিক্ষা সম্পর্কে বিরোধগুলি "মৌলিক" বা "পদ্ধতিগত" হতে পারে।

মৌলিক বিরোধগুলি হল শিক্ষার্থীর জন্য উপযুক্ত পরিষেবার ধরন এবং পরিমাণ নিয়ে। উদাহরণ স্বরূপ, মৌলিক দাবিগুলিতে ব্যক্তিত্বপূর্ণ শিক্ষা কার্যক্রম (Individualized Education Program, IEP) শিক্ষার্থীকে পড়ার ক্ষেত্রে তাদের প্রয়োজনীয় সহায়তা দেয় কিনা বা একটি স্কুল শিক্ষার্থীর চাহিদা মেটাতে পারে কিনা সে বিষয়ে মতবিরোধ থাকতে পারে।

পদ্ধতিগত বিরোধগুলি হল ডিস্ট্রিক্ট আইনে মূল্যায়ন বা IEP প্রক্রিয়ামূহ অনুসরণ করেছে কিনা তা নিয়ে। উদাহরণ স্বরূপ, IEP দল পিতামাতা ছাড়া সাক্ষাৎ করেছে কিনা বা প্রয়োজনীয় সময়সীমার মধ্যে মূল্যায়ন করা হয়েছে কিনা তা পদ্ধতিগত দাবিগুলির অন্তর্ভুক্ত।

**এগুলি মতবিরোধের ধরনের কিছু উদাহরণ যা একটি নিরপেক্ষ যথাযথ প্রক্রিয়া শুনানির মাধ্যমে সমাধান করা যেতে পারে।**

## একজন অ্যাটর্নির অধিকার

আপনার একজন অ্যাটর্নির সাথে পরামর্শ করার অধিকার আছে। এছাড়াও আপনি আপনার শুনানি এবং সম্মেলনগুলিতে একজন অ্যাটর্নি বা অ্যাডভোকেটকে আনতে পারেন। আপনি যদি একজন অ্যাটর্নিকে নিয়োগ করেন এবং আপনার শুনানিতে বিজয়ী হন, তাহলে আপনি যুক্তিসঙ্গত অ্যাটর্নির ফি-র খরচের জন্য ডিস্ট্রিক্ট থেকে প্রতিদান পাওয়ার অধিকারী হতে পারেন। অনেক সংস্থা নিউ ইয়র্ক শহরের পরিবারগুলিকে বিনামূল্যে বা কম খরচে সহায়তা প্রদান করে যারা বিশেষ শিক্ষা শুনানি প্রক্রিয়ার সাথে জড়িত। বিশেষ শিক্ষা পিতামাতা কেন্দ্র, আইনি পরিষেবা এবং অ্যাডভোকেসি সংস্থাগুলির একটি তালিকা OATH-এর ওয়েবসাইটে উপলব্ধ। শুনানির প্রক্রিয়া সম্পর্কে বুঝতে সাহায্যের জন্য বা আপনার যদি একজন অ্যাটর্নি বা অ্যাডভোকেট খুঁজে পেতে সাহায্যের প্রয়োজন হয়, অনুগ্রহ করে এই সংস্থাগুলির মধ্যে একটির সাথে যোগাযোগ করার কথা বিবেচনা করে দেখুন।

**দ্রষ্টব্য: আইনি পরিষেবা সংস্থাগুলির এই আংশিক তালিকাটি জন পরিষেবা হিসেবে প্রদান করা হয়েছে৷ OATH আইনি পরামর্শ দেয় না এবং কোনও অ্যাটর্নি বা সংস্থার সুপারিশ করে না।**

# একটি শুনানি পাওয়া

কোনও পিতামাতা বা ডিস্ট্রিক্ট একটি যথাযথ প্রক্রিয়ার অভিযোগ (DPC) ফাইল করার মাধ্যমে নিরপেক্ষ যথাযথ প্রক্রিয়া শুনানির জন্য অনুরোধ করতে পারেন। DPC-এর সমস্যাটি (বা ডিস্ট্রিক্ট কী ভুল করেছে) ব্যাখ্যা করা উচিৎ এবং প্রস্তাব করা উচিৎ যে কীভাবে ডিস্ট্রিক্টের এই সমস্যাটি সমাধান করা উচিৎ। কীভাবে একটি DPC ফাইল করতে হয় সে সম্পর্কে তথ্য DOE-এর ওয়েবসাইটে রয়েছে, এখানে।

# আপনার শুনানির আগে

### 1. ডিস্ট্রিক্টের প্রতিক্রিয়া

আপনি যখন একটি DPC ফাইল করবেন, তখন ডিস্ট্রিক্টকে অবশ্যই 10 দিনের মধ্যে লিখিতভাবে তার উত্তর দিতে হবে, যদি না সেটি ইতিমধ্যেই আপনাকে পূর্ব লিখিত নোটিশ (Prior Written Notice, PWN) নামক একটি নথি পাঠিয়ে থাকে যা DPC-তে সমস্ত সমস্যার সমাধান করে।

### 2. পেন্ডেন্সি বা "স্থগিত থাকা"

শুনানির সময়, মতবিরোধ হওয়ার আগে পিতামাতা এবং ডিস্ট্রিক্ট দ্বারা সম্মত হওয়া কার্যক্রম এবং পরিষেবাগুলির অধিকার শিক্ষার্থীর রয়েছে। এগুলিকে "স্থগিত থাকা" বা "পেন্ডেন্সি" পরিষেবাদি বলা হয়। পেন্ডেন্সি পরিষেবাগুলি DPC ফাইল করার পরেই কার্যকর হয়ে যাওয়া উচিৎ এবং শেষ পর্যন্ত আপনি মামলায় হেরে গেলেও এগুলি পরিশোধ করতে হবে না।

যদি আপনি এবং ডিস্ট্রিক্ট পেন্ডেন্সি পরিষেবার বিষয়ে একমত না হতে পারেন, তাহলে আপনি IHO-কে পেন্ডেন্সি শুনানির জন্য জিজ্ঞাসা করতে পারেন।

পেন্ডেন্সি শুনানিগুলি সংক্ষিপ্ত শুনানি হয় যেখানে উভয় পক্ষই ব্যক্ত করে যে তাদের অনুযায়ী শেষ সম্মত-হওয়া পরিষেবাগুলি কী ছিল যা শিক্ষার্থীর পেন্ডেন্সি পরিষেবাদি হিসেবে পাওয়া উচিৎ। পেন্ডেন্সি পরিষেবাগুলি কী হবে সে বিষয়ে IHO সিদ্ধান্ত নেবেন। আপনি বা ডিস্ট্রিক্ট IHO-এর পেন্ডেন্সি সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করতে পারেন (আপিল সম্পর্কে আরও তথ্যের জন্য পৃষ্ঠা 9 দেখুন)।

## 3. সমাধান সেশন এবং টাইমলাইনসমূহ

আপনি একটি DPC ফাইল করার পরে, আপনার এবং ডিস্ট্রিক্টের কাছে সাধারণত 30 ক্যালেন্ডার দিন থাকে যাতে আপনারা নিজেরাই মামলাটি সমাধান করার চেষ্টা করতে পারেন। একে বলা হয় সমাধানের সময়কাল। আপনি DPC ফাইল করার 15 দিনের মধ্যে ডিস্ট্রিক্টকে অবশ্যই একটি "সমাধান সাক্ষাৎ" নির্ধারণ করতে হবে।

***এই আমন্ত্রণে সাড়া দেওয়া গুরুত্বপূর্ণ কারণ আপনি যদি সমাধান সাক্ষাতে অংশগ্রহণ না করেন তাহলে শুনানি বিলম্বিত বা বরখাস্ত হতে পারে।***

সমাধান সাক্ষাতের উদ্দেশ্য হল যাতে আপনি এবং ডিস্ট্রিক্ট মামলাটি নিয়ে আলোচনা করেন এবং DPC-তে ব্যক্ত সমস্যাগুলি সমাধান করার চেষ্টা করেন। সমাধান সাক্ষাতে অবশ্যই ডিস্ট্রিক্ট থেকে এমন কাউকে অন্তর্ভুক্ত করতে হবে যার কাছে মামলা সম্পর্কে তথ্য রয়েছে এবং DPC-তে ব্যক্ত সমস্যাগুলি সমাধান করার ক্ষমতা রয়েছে।

সাধারণত, আপনি DPC ফাইল করার 30 দিন পরে সমাধানের সময়কাল শেষ হয়। যদি আপনি এবং ডিস্ট্রিক্ট সাক্ষাৎ করেন এবং একটি সমাধানে পৌঁছাতে না পারেন, তাহলে আপনি IHO-কে সমাধানের সময়কাল আগেই শেষ করতে বলতে পারেন।

***সমাধানের সময়কাল শেষ হওয়ার পর, IHO-এর কাছে শুনানি, প্রমাণ পর্যালোচনা এবং চূড়ান্ত সিদ্ধান্ত জারি করার জন্য 45 দিন সময় থাকে।*** এই 45 দিনের সময়সীমাকে "কমপ্লায়েন্সের তারিখ" বলা হয়। যদি আপনার বা ডিস্ট্রিক্টের আরও সময়ের প্রয়োজন হয়, তাহলে আপনি বা ডিস্ট্রিক্ট IHO-কে কমপ্লায়েন্সের তারিখ বাড়ানোর জন্য বলতে পারেন।

***শৃঙ্খলাজনিত মামলাসমূহ:*** যদি আপনার DPC শৃঙ্খলাজনিত কারণে আপনার সন্তানকে তাদের স্কুল থেকে সরিয়ে দেওয়ার সাথে সম্পর্কিত হয় তাহলে টাইমলাইন ভিন্ন হবে। শৃঙ্খলাজনিত মামলার সমাধানের সময়কাল 15 দিন, এবং ডিস্ট্রিক্টকে অবশ্যই DPC-র 7 দিনের মধ্যে একটি সমাধান সাক্ষাৎ নির্ধারণ করতে হবে। DPC ফাইল করার 20 স্কুল দিনের মধ্যে অবশ্যই একটি শুনানি অনুষ্ঠিত হতে হবে। শুনানির পর 10 স্কুল দিনের মধ্যে অবশ্যই একটি সিদ্ধান্ত নিতে হবে।

## 4. মীমাংসা সম্মেলন

সমাধানের সময়কালের শেষে, IHO আপনাকে এবং ডিস্ট্রিক্টকে পরপর দুটি সাক্ষাতে আমন্ত্রণ জানাতে পারে: একটি মীমাংসা সম্মেলন এবং একটি প্রাক-শুনানি সম্মেলন (PHC)। উভয়ই সাধারণত ভিডিও কনফারেন্সের মাধ্যমে অনুষ্ঠিত হয়।

***IHO-এর সমস্ত আমন্ত্রণে সাড়া দেওয়া গুরুত্বপূর্ণ। আপনি অংশগ্রহণ না করলে আপনার মামলা বিলম্বিত বা বরখাস্ত হতে পারে।***

একটি মীমাংসা সম্মেলনে, একজন মীমাংসা কর্মকর্তা আপনার এবং ডিস্ট্রিক্টের সাথে সাক্ষাৎ করবেন, এটি দেখার জন্য যে আপনারা একটি পূর্ণ বা আংশিক মীমাংসা করতে পারবেন কিনা। আপনি এবং ডিস্ট্রিক্ট যদি শুনানি ছাড়াই মীমাংসা করতে চান, তাহলে উভয় পক্ষেরই একটি মীমাংসা চুক্তি করার জন্য প্রয়োজনীয় তথ্য এবং ক্ষমতার সাথে এই সাক্ষাতে আসা উচিৎ।

মীমাংসা সম্মেলনসমূহ রেকর্ড করা হয়না। এই সম্মেলনে করা সমস্ত মীমাংসার অফারগুলি গোপনীয় থাকে। এর মানে হল যে মীমাংসা সংক্রান্ত আলোচনা পরবর্তীকালে কোনও শুনানিতে প্রমাণ হিসেবে উপস্থাপন করা যাবে না।

## 5. প্রাক-শুনানি সম্মেলন

মীমাংসা সম্মেলনে সমস্ত সমস্যার সমাধান না হলে, আপনি অবিলম্বে আপনার মামলার সিদ্ধান্ত নেওয়ার জন্য নির্ধারিত IHO-এর সাথে একটি প্রাক-শুনানি সম্মেলনে (PHC) যোগান করবেন। PHC রেকর্ড করা হয়। এর পরে, হয় আপনি যা বলা হয়েছে তার একটি প্রতিলিপি বা IHO থেকে একটি লিখিত সারাংশ পাবেন।

PHC চলাকালীন, IHO কিছু প্রশ্ন করবেন, যেমন

- শুনানিতে কী বিষয়ে সিদ্ধান্ত নেওয়া দরকার?
- কতজন সাক্ষী থাকবেন?
- উভয় পক্ষের কি তাদের শুনানিতে ব্যবহার করার জন্য সাক্ষী বা নথির জন্য একটি "সপিনা" প্রয়োজন? (বিস্তারিত সপিনা নির্দেশাবলী এবং সপিনা ফর্মগুলি OATH ওয়েবসাইটে রয়েছে।)

শুনানির সময় কারও ভাষা পরিষেবা বা থাকার ব্যবস্থা প্রয়োজন কিনা IHO তাও জিজ্ঞাসা করবেন। PHC-তে, IHO সাধারণত শুনানির জন্য একটি তারিখ নির্ধারণ করেন।

## 6. প্রকাশ

শুনানির কমপক্ষে 5 কার্যদিবস আগে, প্রত্যেক পক্ষকে অবশ্যই অন্য পক্ষের কাছে এবং IHO-কে এমন সমস্ত নথি পাঠাতে হবে যা তারা শুনানিতে ব্যবহার করতে চান। একে "প্রকাশ" বলা হয়। প্রকাশের মধ্যে মূল্যায়ন, পরীক্ষার ফলাফল, চিঠিপত্র এবং অন্যান্য প্রমাণ অন্তর্ভুক্ত থাকতে পারে যা আপনি শুনানিতে উপস্থাপন করতে চান।

এছাড়াও, প্রত্যেক পক্ষকে অবশ্যই সাক্ষীদের নাম শেয়ার করতে হবে যাদের তারা সাক্ষ্য দেওয়ার পরিকল্পনা করছেন। প্রত্যেক সাক্ষী কী সাক্ষ্য দেবেন তা আপনাকে সংক্ষিপ্তভাবে বর্ণনা করতে হবে। একটি সাক্ষী তালিকা ফর্ম, এবং এটি কীভাবে ব্যবহার করতে হবে তার বিস্তারিত নির্দেশাবলী OATH-এর ওয়েবসাইটে রয়েছে।

প্রকাশগুলি নিশ্চিত করে যে উভয় পক্ষেরই শুনানির জন্য প্রস্তুত হওয়ার যেন ন্যায্য সুযোগ থাকে। যদি উভয় পক্ষ শুনানির কমপক্ষে 5 কার্যদিবস আগে প্রকাশ বা সাক্ষীদের নাম প্রদান করতে ব্যর্থ হয়, তাহলে অন্য পক্ষ সেই প্রমাণ উপস্থাপন করা থেকে বিরত রাখতে পারে।

# আপনার শুনানির সময়

## 1. অবস্থান

শুনানি সাধারণত ভিডিও কনফারেন্স বা টেলিফোনের মাধ্যমে ভার্চুয়ালি অনুষ্ঠিত হয়। আপনি যদি চান আপনার শুনানি ব্যক্তিগতভাবে অনুষ্ঠিত হোক তাহলে তা IHO কে বলুন।

## 2. পিতামাতাদের অধিকার

শুনানিতে, আপনার এগুলির অধিকার আছে:

- সাক্ষ্য উপস্থিত করা এবং সাক্ষীদের উপস্থিত করা এবং সাক্ষ্য দেওয়ানো
- ডিস্ট্রিক্টের সাক্ষীদের জিজ্ঞাসাবাদ ও জেরা করা
- কোনও খরচ ছাড়াই শুনানির একটি লিখিত প্রতিলিপি পাওয়া
- শিক্ষার্থীকে উপস্থিত রাখা
- শুনানিটি জনগণের জন্য উন্মুক্ত করানো
- নিজের প্রতিনিধিত্ব করা বা আপনার প্রতিনিধিত্ব করার জন্য একজন অ্যাটর্নি বা অ্যাডভোকেটকে নিয়োগ করা

## 3. প্রমাণের বোঝা

নিউ ইয়র্ক রাজ্যের আইন অনুসারে, মামলার প্রতিটি উপাদান সম্পর্কে নথি প্রস্তুত করা এবং IHO-কে রাজি করানো ডিস্ট্রিক্টের কাজ (যাকে "বোঝা"ও বলা হয়), একটি ব্যতিক্রম ছাড়া: যে পিতামাতারা তাদের সন্তানকে একটি প্রাইভেট স্কুলে ভর্তি করান এবং অনুরোধ করেন যে ডিস্ট্রিক্ট সেই সন্তানের টিউশনের জন্য অর্থ প্রদান করবে, প্রাইভেট স্কুলটি যে উপযুক্ত সে বিষয়ে IHO-কে রাজি করানোর ভার তাদের উপর।

এই কারণে, সাধারণত ডিস্ট্রিক্ট প্রথমে তার মামলা উপস্থাপন করে।

## 4. প্রদর্শনী

উভয় পক্ষেরই প্রমাণ উপস্থাপনের অধিকার রয়েছে। প্রমাণের মধ্যে এমন নথি বা অন্যান্য তথ্য অন্তর্ভুক্ত যা আপনি চান যে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়ার আগে IHO বিবেচনা করুক (মূল্যায়ন, পরীক্ষার ফলাফল, ইমেল, ভিডিও, রিপোর্ট ইত্যাদি)।

শুনানির দিন, প্রত্যেক পক্ষের উচিৎ এমন সমস্ত প্রমাণের একটি তালিকা নিয়ে আসা যেগুলি তারা চান যে IHO সরকারী রেকর্ডে ভর্তি করুক, এটিকে "প্রদর্শনী তালিকা" বলা হয়। বিস্তারিত নির্দেশাবলী এবং একটি প্রদর্শনী তালিকা ফর্ম OATH ওয়েবসাইটে রয়েছে।

ডিস্ট্রিক্ট আপনার কিছু বা সমস্ত প্রদর্শনীতে আপত্তি জানাতে পারে। যদি কোনও আপত্তি থাকে, তাহলে আপনাকে ব্যাখ্যা করতে হতে পারে যে নথি বা আইটেমটি কী, আপনি কীভাবে এটি পেয়েছেন এবং কেন এটি প্রাসঙ্গিক। প্রদর্শনীটি ভর্তি হবে কিনা সেই সিদ্ধান্ত IHO নেবে।

## 5. উদ্বোধনী বিবৃতি

শুনানির শুরুতে, প্রত্যেক পক্ষ একটি উদ্বোধনী বিবৃতি দিতে বেছে নিতে পারে। একটি উদ্বোধনী বিবৃতি হল মামলাটি কী এবং প্রত্যেক পক্ষ কী প্রমাণ উপস্থাপন করার পরিকল্পনা করছে তা সংক্ষিপ্ত করার একটি সুযোগ।

উদ্বোধনী বিবৃতিতে, পিতামাতারা প্রায়শই বলে থাকেন যে কেন বা কীভাবে ডিস্ট্রিক্ট শিক্ষার্থীকে বিনামূল্যে উপযুক্ত সর্বজনীন শিক্ষা (FAPE) প্রদান করেনি এবং সমস্যা সমাধানের জন্য কী ধরনের স্কুল, ক্লাস বা অন্যান্য পরিষেবা প্রয়োজন।

ডিস্ট্রিক্ট বলতে পারে যে ডিস্ট্রিক্ট একটি FAPE প্রদান করেছে বলে বিশ্বাস করে কিনা এবং কেন ডিস্ট্রিক্ট পিতামাতার প্রস্তাবিত সমাধানের সাথে একমত নয়।

## 6. সাক্ষীগণ

উদ্বোধনী বিবৃতির পর,প্রত্যেক পক্ষের সাক্ষীদের ডাকার এবং তাদের প্রশ্ন করার সুযোগ রয়েছে। শুনানিতে সাক্ষ্যদানকারী প্রত্যেক ব্যক্তিকে অবশ্যই IHO দ্বারা শপথ গ্রহণ করতে হবে।

সাক্ষীদের উত্তরগুলি হল প্রমাণ এবং IHO-কে মামলার সত্যতা নির্ধারণে সহায়তা করে। সাক্ষীরা মামলার সাথে প্রাসঙ্গিক যে কোনও বিষয়ে কথা বলতে পারেন, যার মধ্যে রয়েছে শিক্ষার্থীর একাডেমিক, সামাজিক এবং মানসিক দক্ষতা, কীভাবে একটি মূল্যায়ন বা IEP তৈরি করা হয়েছিল, বা শিক্ষার্থীর অগ্রগতির জন্য কোন পরিষেবাগুলি প্রয়োজন।

এছাড়াও, আপনি বা আপনার অ্যাটর্নি সাক্ষীদের নথিসমূহ দেখাতে পারেন, যেমন একটি মূল্যায়ন, এবং সেই নথি সম্পর্কে সাক্ষীকে জিজ্ঞাসা করতে পারেন।

**ডিস্ট্রিক্টের সাক্ষীদের** মধ্যে প্রায়ই এমন একজনকে অন্তর্ভুক্ত করা হয় যিনি IEP সাক্ষাতে অংশ নিয়েছিলেন, শিক্ষক, থেরাপিস্ট, এবং অন্যান্যরা যারা শিক্ষার্থীকে চেনেন।

- প্রত্যেক সাক্ষীর পরে, অপর পক্ষের সাক্ষীকে "জেরা-পরীক্ষা" করার সুযোগ থাকবে - যার অর্থ আপনি বা আপনার অ্যাটর্নি শুনানির সাথে প্রাসঙ্গিক যে কোনও বিষয়ে প্রশ্ন করতে পারেন।
- IHO-ও সাক্ষীদের জিজ্ঞাসাবাদ করতে পারে। সকল সাক্ষীদের না ডাকা পর্যন্ত প্রক্রিয়াটি আপনিই পুনরাবৃত্তি হয়।

**পিতামাতার সাক্ষীদের** মধ্যে প্রায়ই শিক্ষক, প্রদানকারী, মূল্যায়নকারী বা অন্যরা যারা শিক্ষার্থীকে চেনেন তারা থাকেন।

- এছাড়াও পিতামাতারা নিজেরাই তাদের মামলায় সাক্ষী হতে পারেন। আপনার যদি একজন অ্যাটর্নি বা অ্যাডভোকেট থাকে, তাহলে সেই ব্যক্তি আপনাকে প্রশ্ন করতে পারে। আপনি যদি নিজের প্রতিনিধিত্ব করছেন, আপনি প্রশ্নগুলির একটি তালিকা তৈরি করতে পারেন এবং সেগুলি নিজেই জিজ্ঞাসা করতে পারেন বা আপনার জন্য প্রশ্নগুলি পড়ার জন্য একজন বন্ধু বা IHO কে বলতে পারেন। আপনি বর্ণনা হিসেবেও সাক্ষ্য দিতে পারেন, যার অর্থ আপনি কেবল "আপনার গল্প বলবেন"।

- আপনার প্রত্যেক সাক্ষী সাক্ষ্য দেওয়ার পরে, ডিস্ট্রিক্ট তাদের জেরা করার সুযোগ পাবে। IHO-ও প্রশ্ন করতে পারে।

## *7.* সমাপনী বিবৃতি

শুনানির একেবারে শেষে, উভয় পক্ষেরই সুযোগ রয়েছে এটি আবার বলার যে তারা IHO-কে কী আদেশ দিতে বলছেন এবং তাদের অবস্থানকে সমর্থন করে এমন আইন এবং তথ্যসমূহ (সাক্ষীর সাক্ষ্য এবং নথি) সংক্ষিপ্ত করার। সমাপনী বিবৃতি শুনানির শেষে মৌখিকভাবে ("রেকর্ড করা হয়") বা শুনানির পরে লিখিতভাবে করা যেতে পারে।

# আপনার শুনানির পরে

### 1. প্রতিলিপি

শুনানির পর, আপনি আপনার শুনানিতে রেকর্ডে বলা সমস্ত কিছুর একটি লিখিত প্রতিলিপি পাবেন। আপনার সমাপনী বিবৃতি লেখার জন্য যদি আপনার প্রতিলিপিটির প্রয়োজন হয়, তাহলে আপনি এটি করার জন্য IHO এর কাছে সময় চাইতে পারেন।

### 2. সিদ্ধান্ত

শুনানি শেষ হওয়ার পর, IHO একটি লিখিত "সত্যের সন্ধান ও সিদ্ধান্ত" (Finding of Fact and Decision, FOFD) জারি করবে। FOFD-তে, IHO সিদ্ধান্ত নেবে যে ডিস্ট্রিক্ট শিক্ষার্থীকে একটি FAPE বা অন্য কোনও সমস্যা দিয়েছে কিনা। যদি IHO সিদ্ধান্ত নেয় যে ডিস্ট্রিক্ট একটি FAPE প্রদান করেনি, তাহলে FOFD বলবে, যে সমস্যা সমাধানের জন্য ডিস্ট্রিক্টকে যদি কিছু করতে হয়, তা কী হবে।

### 3. আপিলসমূহ

**IDEA দাবিসমূহ:** আপনি যদি পেন্ডেন্সি অর্ডার বা FOFD এর সাথে একমত না হন, তাহলে আপনি নিউ ইয়র্ক রাজ্য শিক্ষা বিভাগের রাজ্য পর্যালোচনা কর্মকর্তার (State Review Officer, SRO) কাছে আবেদন করতে পারেন। আপনি যদি আপিল করার পরিকল্পনা করেন, তাহলে আপনাকে অবশ্যই আদেশের 25 দিনের মধ্যে ডিস্ট্রিক্টকে তা জানাতে হবে। আপনাকে অবশ্যই আদেশের 40 দিনের মধ্যে আপিল ফাইল করতে হবে। ডিস্ট্রিক্টকেও আপিল করলে একই নিয়ম অনুসরণ করতে হবে। প্রতিটি পেন্ডেন্সি অর্ডার এবং FOFD-তে কীভাবে আপিল করতে হবে সে সম্পর্কে তথ্য অন্তর্ভুক্ত রয়েছে।

**ধারা 504 দাবিসমূহ:** আপনি যদি ধারা 504 এর অধীনে IHO-এর সিদ্ধান্তের সাথে একমত না হন, তাহলে আপনাকে অবশ্যই 90 দিনের মধ্যে ফেডারেল ডিস্ট্রিক্ট কোর্টে এটির বিরুদ্ধে একটি চ্যালেঞ্জ দায়ের করতে হবে।

### 4. বাস্তবায়ন

যদি IHO ডিস্ট্রিক্টকে পরিষেবা প্রদান বা অন্যান্য প্রতিকারের জন্য অর্থ প্রদানের আদেশ দেয়, তাহলে DOE-এর নিরপেক্ষ শুনানির আদেশ বাস্তবায়ন ইউনিট আপনার বা আপনার অ্যাটর্নির সাথে কাজ করবে এটি নিশ্চিত করতে যে DOE যেন আদেশটি অনুসরণ করে। আরও তথ্যের জন্য, DOE-এর ওয়েবসাইটে যান এখানে নিরপেক্ষ শুনানির আদেশ বাস্তবায়ন ইউনিট ।

## আপনার কি দোভাষী লাগবে?

আপনার শুনানির জন্য যদি আপনার দোভাষীর প্রয়োজন হয়, তাহলে OATH বিনামূল্যে তা প্রদান করবে।

উপরন্তু, OATH বিনামূল্যে **নথি অনুবাদ** প্রদান করে। যদি আপনার কাছে ইংরেজি ছাড়া অন্য কোনও ভাষায় নথি থাকে, তাহলে বিনামূল্যে অনুবাদ সম্পর্কে আপনার IHO কে জিজ্ঞাসা করুন।

## আরও তথ্য

আরও তথ্য **একটি পিতামাতার নির্দেশিকায়** উপলব্ধ: **নিউ ইয়র্ক রাজ্যে শিশুদের জন্য বিশেষ শিক্ষা 3-21 বছর বয়সী**, নিউ ইয়র্ক রাজ্য শিক্ষা বিভাগের (NYSED) ওয়েবসাইটে উপলব্ধ, এখানে https://www.nysed.gov/special-education/parents-guide-special-education

বিশেষ শিক্ষা এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদের সাথে সম্পর্কিত **নিউ ইয়র্ক রাজ্যের আইন ও প্রবিধানগুলি** NYSED-এর ওয়েবসাইটে রয়েছে, এখানে http://www.nysed.gov/special-education/new-york-state-laws-and-regulations-related-special-education-and-students

উপরে বর্ণিত **OATH ফর্মগুলি** OATH-এর ওয়েবসাইটে রয়েছে, এখানে https://www.nyc.gov/site/oath/special-ed/forms.page

- **উপস্থিতির বিজ্ঞপ্তি ফর্ম:** https://www.nyc.gov/assets/oath/downloads/pdf/SEHD_Notice-of-Appearance-w-instructions-BN.pdf
- **নথি সপিনা (নির্দেশ সহ):** https://www.nyc.gov/assets/oath/downloads/pdf/SEHD_Document-Subpoena-w-intrustions-BN.pdf
- **সাক্ষী সপিনা (নির্দেশ সহ):** https://www.nyc.gov/assets/oath/downloads/pdf/SEHD_Witness-Subpoena-w-instructions-BN.pdf
- **প্রদর্শনী তালিকা:** https://www.nyc.gov/assets/oath/downloads/pdf/SEHD-Parent-Exhibit-List-BEN.pdf

- **সাক্ষী তালিকা:** https://www.nyc.gov/assets/oath/downloads/pdf/SEHD-Parents-Witness-List-BN.pdf
- **পিতামাতা কেন্দ্র এবং অ্যাডভোকেসি সংস্থার তালিকা:** https://www.nyc.gov/assets/oath/downloads/pdf/Parent-Centers-Advocacy-Orgs-BN.pdf